

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়  
Chittagong Veterinary and Animal Sciences University (CVASU)

ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ ২০১৪-২০১৫

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ ১ম সেমিস্টারে ভর্তির জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে

১। ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের ন্যূনতম যোগ্যতা :

- আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- ২০১১/২০১২ সালে এসএসসি/সমমান এবং ২০১৩/২০১৪ সালে এইচএসসি/সমমানের পরীক্ষায় বিজ্ঞান গ্রুপ থেকে পাস করতে হবে।
- এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় ৪র্থ বিষয় বাদে সমষ্টিগতভাবে ন্যূনতম জিপিএ ৬.৫ এবং আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০ পেতে হবে।
- এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় পদার্থ, রসায়ন, গণিত (এসএসসি-এর ক্ষেত্রে সাধারণ গণিত) এবং জীববিদ্যা আলাদা বিষয় হিসাবে থাকতে হবে।
- এইচএসসি/সমমানের পরীক্ষায় পদার্থ, রসায়ন, গণিত, জীববিদ্যা এবং ইংরেজী প্রতিটি বিষয়ে ন্যূনতম জিপি ২.০ থাকতে হবে।

২। অনুষদ ও আসন সম্পর্কিত বিবরণ :

ক্রমিক নং	অনুষদের নাম *	ডিগ্রির নাম	কোর্সের মেয়াদ	সাধারণ আসন সংখ্যা	সংরক্ষিত আসন সংখ্যা		মোট আসন সংখ্যা
					মুক্তিযোদ্ধা	উপজাতীয়	
(১)	ভেটেরিনারি মেডিসিন অনুষদ	ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (ডিভিএম)	পাঁচ বছর	৮১	০২	০২	৮৫
(২)	ফুড সায়েন্স এন্ড টেকনোলজি অনুষদ	বি.এসসি (সম্মান) ইন ফুড সায়েন্স এন্ড টেকনোলজি	চার বছর	৬৬	০২	০২	৭০
(৩)	ফিশারিজ অনুষদ	বি.এসসি ইন ফিশারিজ (সম্মান)	চার বছর	৫১	০২	০২	৫৫
মোট				১৯৮	০৬	০৬	২১০

\* তিনটি অনুষদের জন্য একটিমাত্র আবেদন করতে হবে এবং অনুষদের পছন্দক্রম নির্বাচনী পরীক্ষার সময় উত্তরপত্রের নির্ধারিত ঘরে উল্লেখ করতে হবে।

৩। ভর্তির জন্য চূড়ান্ত প্রার্থী নির্বাচন :

(ক) ভর্তির জন্য মূল্যায়নের মোট নম্বর : ২০০

(খ) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষার ফলাফলের উপর ১০০ নম্বর:

এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ৮ গুণ = ৪০ নম্বর

এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ -এর ১২ গুণ = ৬০ নম্বর

(গ) লিখিত পরীক্ষা (MCQ পদ্ধতি) : ১০০ নম্বর

(ঘ) লিখিত পরীক্ষার সময় : ১ (এক) ঘন্টা

(ঙ) লিখিত পরীক্ষার বিষয় ও নম্বর : পদার্থবিদ্যা-২০, রসায়নবিদ্যা-২০, গণিত-২০, জীববিদ্যা-৩০, ইংরেজি-১০।

৪। ভর্তির আবেদন গ্রহণ, ভর্তি পরীক্ষা, ভর্তি সংক্রান্ত তারিখ ও সময়সূচী :

(১)	আবেদন করার সময়	০১ সেপ্টেম্বর ২০১৪ হতে ৩০ অক্টোবর ২০১৪ পর্যন্ত
(২)	ভর্তি পরীক্ষার তারিখ ও স্থান	১৫ নভেম্বর ২০১৪ (শনিবার; অপরাহ্ন ১২:০০ ঘটিকা), বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস
(৩)	ফলাফল প্রকাশ	১৫ নভেম্বর ২০১৪ (অপরাহ্ন ৬:০০ ঘটিকার পর বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে প্রকাশ করা হবে)
(৪)	মেধা তালিকা হতে ভর্তি	০১ ও ০২ ডিসেম্বর ২০১৪
(৫)	অপেক্ষমান তালিকা হতে ভর্তি	০৩ ডিসেম্বর ২০১৪
(৬)	ফ্রাশ শুরুর সম্ভাব্য তারিখ	২৮ ডিসেম্বর ২০১৪

৫। ফলাফল প্রকাশের পর ভর্তির সময় সকল সনদপত্র ও প্রমাণপত্রের মূলকপি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট ডিন অফিসে অবশ্যই জমা দিতে হবে।

চলমান (পাতা-২)

*M. Hossain*

৬। SMS পদ্ধতিতে মোবাইল ফোনের মাধ্যমে ভর্তির আবেদন প্রক্রিয়া :

(ক) ভর্তি পরীক্ষার আবেদনের জন্য একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোন থেকে ১৬২২২ নম্বরে এসএমএস করতে হবে।

(খ) যে কোন টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে CVASU <Space> এইচএসসি শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <Space> এইচএসসি পরীক্ষার রোল নম্বর <Space> এইচএসসি পাশের সাল <Space> এসএসসি শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <Space> এসএসসি পরীক্ষার রোল নম্বর <Space> এসএসসি পাশের সাল <Space> যে মাধ্যমে পরীক্ষা দিতে ইচ্ছুক (বাংলা মাধ্যমের জন্য B অথবা ইংরেজী মাধ্যমের জন্য E ) দিয়ে/লিখে ১৬২২২ নম্বরে এসএমএস করতে হবে।

উদাহরণ : CVASU DHA 123456 2014 DHA 123456 2012 B

উদাহরণটি ঢাকা বোর্ডের এবং CVASU এর সকল অনুষদের জন্য। এখানে '১২৩৪৫৬' এর পরিবর্তে যথাক্রমে আবেদনকারীর নিজের এইচএসসি/সমমান এবং এসএসসি/সমমান পরীক্ষার রোল নম্বর দিতে হবে। কেহ ২০১৩ সালে এইচএসসি/সমমান পাশ করে থাকলে ২০১৪ এর পরিবর্তে ২০১৩ লিখতে হবে।

(গ) বিভিন্ন বোর্ডের কীওয়ার্ড- বরিশাল (BAR), চট্টগ্রাম (CHI), কুমিল্লা (COM), ঢাকা (DHA), দিনাজপুর (DIN), যশোর (JES), মাদ্রাসা (MAD), রাজশাহী (RAJ), সিলেট (SYL) এবং OPEN UNIVERSITY & FOREIGN (OTH)

(ঘ) উপরের এসএমএস টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি এসএমএস-এ আবেদনকারীর নাম, ভর্তি পরীক্ষার ফি ও একটি PIN জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন ১৬২২২ নম্বরে আবেদনকারীকে আরেকটি এসএমএস পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে CVASU <Space> YES <Space> PIN নম্বর <Space> আবেদনকারীকে যোগাযোগের জন্য নিজে ব্যবহার করতে পারে এমন যে কোন অপারেটর-এর একটি মোবাইল নম্বর দিয়ে/লিখে ১৬২২২ নম্বরে এসএমএস পাঠাতে হবে। উল্লেখ্য, এসএমএস-এর ক্ষেত্রে Small বা Capital যে কোন letter ব্যবহার করা যাবে।

উদাহরণ : CVASU YES 654321 01XXXXXXXXXX

এই উদাহরণের '৬৫৪৩২১' এর পরিবর্তে আবেদনকারীর নিজ PIN নম্বরটি বসাতে হবে। উল্লেখ্য যে, সম্মতি জানিয়ে এসএমএস পাঠালেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন থেকে ভর্তি পরীক্ষার ফি (তিনটি অনুষদের জন্য একত্রে) ৮০০/- (আটশত) টাকা কেটে নেয়া হবে, অন্যথায় কোন ফি কাটা হবে না।

(ঙ) আবেদনকারীর টেলিটক প্রি-পেইড মোবাইলে পর্যাপ্ত পরিমাণ টাকা থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফি কেটে নিয়ে একটি এসএমএস এর মাধ্যমে সাথে সাথেই ভর্তি পরীক্ষার রোল নম্বর জানিয়ে দেয়া হবে। একবার এসএমএস করে আবেদন করলে তা আর প্রত্যাহার করা যাবে না।

(চ) একটি টেলিটক মোবাইল ফোনের মাধ্যমে একাধিক আবেদন করা যাবে, তবে আবেদনের দ্বিতীয় ধাপে সম্মতি জানানোর সময় যোগাযোগের জন্য আবেদনকারী ব্যবহার করতে পারে এমন যে কোন অপারেটর-এর পৃথক পৃথক মোবাইল ফোন নম্বর দেয়া ভালো।

(ছ) 'ও'/'এ' লেভেলের ক্ষেত্রে আবেদনকারীকে উপরের নিয়ম অনুযায়ী ১৬২২২ নম্বরে এসএমএস করতে হবে। এক্ষেত্রে বোর্ডের নামের জায়গায় GCE লিখতে হবে।

উদাহরণ: CVASU GCE 123456 2014 B এখানে '১২৩৪৫৬' এর পরিবর্তে আবেদনকারীর A-Level এর নিজ নিজ Candidate নম্বরটি বসাতে হবে। বাংলা মাধ্যমে পরীক্ষার জন্য B অথবা ইংরেজী মাধ্যমে পরীক্ষার জন্য E লিখতে হবে।

(জ) কোটায় ভর্তিচ্ছু আবেদনকারীর ক্ষেত্রে (ভর্তি পরীক্ষায় নির্বাচিত হলে ভর্তির সময়)-

\* মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানীর অনুকূলে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র এবং সংশ্লিষ্ট পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের কপি দাখিল করতে হবে।

\* বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে স্ব-স্ব উপজাতি প্রধান এবং বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম ব্যতীত অন্যান্য জেলার উপজাতি প্রার্থীদেরকে স্ব-স্ব জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দা সম্পর্কিত প্রত্যয়নপত্রের মূল কপি দাখিল করতে হবে।

\* নিম্নোক্ত নির্দিষ্ট কোটায় আবেদন করতে উপরের নিয়ম অনুযায়ী ১৬২২২ নম্বরে নিম্নরূপে এসএমএস করতে হবে:

মুক্তিযোদ্ধা সন্তান কোটা (FFQ), উপজাতীয় কোটা (TQ)

উদাহরণ : CVASU DHA 123456 2013 DHA 123456 2011 B FFQ

উদাহরণটি ঢাকা বোর্ডের এবং CVASU সকল অনুষদের মুক্তিযোদ্ধা সন্তান (FFQ) কোটার জন্য। উপজাতীয়দের ক্ষেত্রে FFQ এর পরিবর্তে TQ হবে।

৭। ভর্তি পরীক্ষার আসন বিন্যাস ও ভর্তি পরীক্ষার দিনে আবেদনকারীর করণীয় :

(ক) সফলভাবে আবেদনকৃত শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার তারিখ, সময় ও আসন বিন্যাস এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

(খ) সফলভাবে আবেদনকৃত শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার দিনে এইচএসসি/সমমান পরীক্ষার মূল প্রবেশপত্র/রেজিস্ট্রেশন কার্ডসহ একটি ফটোকপি এবং দুই কপি রঙিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবির পেছনে পরীক্ষার্থীর নাম ও রোল নম্বর লিখে অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে।

(গ) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরীক্ষার হলে দুই অংশবিশিষ্ট ছাপানো Admit Card সরবরাহ করবে। এক অংশে একটি ছবি লাগিয়ে শিক্ষার্থীকে প্রবেশপত্র হিসেবে দেওয়া হবে। অন্য ছবিটি অপর অংশে সংযুক্ত করে পরীক্ষার হলে জমা রাখা হবে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তা সংরক্ষণ করবে।

৮। ভর্তিকৃত কোন ছাত্র/ছাত্রীর ভুল তথ্য/অনিয়ম পরিলক্ষিত হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৯। ভর্তি বিষয়ক যে কোন নিয়ম-কানুন পরিবর্তন বা পরিবর্তনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

Website: www.cvasu.ac.bd

E-Mail: registrar@cvasu.ac.bd

Helpline: 031-659492-93, 659093, Ext-101/106/201

01554328962

Mirza Faruk Imam  
19.08.14

মীর্জা ফারুক ইমাম

রেজিস্ট্রার

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়।